

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
www.dol.gov.bd

তারিখ: ২২/৮/২০২৩ খ্রি.

স্মারকনং- ৪০.০২.০০০০.০৩৫.০৬.০০১.২১(৮)


বিষয়ঃ- সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার বিষয়ক অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা স্থগিত প্রসঙ্গে।

শ্রম অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা অনিবার্য কারণ বশতঃ স্থগিত করা হয়েছে। উক্ত সভা আগামী ২৪/৮/২০২৩খ্রি. রোজ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকার পরিবর্তে আগামী ৩০/৮/২০২৩খ্রি. রোজ বুধবার বেলা ১১:৩০ ঘটিকায় বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকার সভাকক্ষে (১৯৬, বিজয়নগর, ঢাকা, লিফট-৪) অনুষ্ঠিত হবে। সভা সভাপতিত্ব করবেন শ্রম অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়।

২। উক্ত সভায় আঞ্চলিক/মাঠপর্যায়ের ০২(দুই) জন ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বেসরকারী শিল্প সেক্টরের মালিক ও শ্রমিকপক্ষের ০৪ (চার) জন করে প্রতিনিধিকে অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

আলোচ্য সূচীঃ

১. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অগ্রগতি;
২. বিবিধ।


২২/০৮/২৩

(মিনু আফরোজ)
উপপরিচালক

ও

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা
ফোন নং- ০২২২৬৬৬৩৫০৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'লঃ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর।
- ০২) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা (বেসরকারী শিল্প সেক্টরের মালিক ও শ্রমিকপক্ষের ০৪ (চার) জন করে প্রতিনিধি সভায় অংশগ্রহণ নিশ্চিতসহ, সভাকক্ষ প্রস্তুত ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৩) সিনিয়র মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা (শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করার অনুরোধসহ)
- ০৪) পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টংগী, গাজীপুর (শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করার অনুরোধসহ)
- ০৫) উপপরিচালক (হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর (আপ্যায়নের ব্যবস্থা ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৬) সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের ওয়েবসাইট ও শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ) এবং
- ০৭) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, শ্রম অধিদপ্তর (সদয় অবগতির জন্য)।
- ০৮) অফিস কপি।